



জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি)
রেজিস্ট্রার দপ্তর

২৬/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত ডীনস সভার কার্যবিবরণী:

২৬/০৬/২০২২ তারিখ রবিবার বেলা ২:০০ টায় মাননীয় উপাচার্য ও ডীনস কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-এর সভাপতিত্বে তাঁর কনফারেন্স কক্ষে ডীনস কমিটির ১০ম সভা অনুষ্ঠিত হয়। সভায় সদস্যগণের উপস্থিতি তালিকা নিম্নরূপ:

- ১। অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, মাননীয় উপাচার্য, জবি;
- ২। অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, মাননীয় ট্রেজারার, জবি;
- ৩। অধ্যাপক ড. মোঃ রইছ উদদীন, ডীন, কলা অনুষদ, জবি;
- ৪। অধ্যাপক ড. মোঃ শাহজাহান, ডীন, বিজ্ঞান অনুষদ, জবি;
- ৫। অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ, জবি;
- ৬। অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, ডীন, লাইফ এন্ড আর্থ সাইন্স অনুষদ, জবি;
- ৭। প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, রেজিস্ট্রার, জবি;

সভায় আমন্ত্রিত সদস্য হিসেবে উপস্থিত ছিলেন জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের উপ-পরিচালক ও তথ্য অধিকার-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম।

সভাপতি মহোদয় উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় 'তথ্য অধিকার বিষয়ক' তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরির লক্ষ্যে তথ্য অধিকার বিষয়ে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের উপ-পরিচালক ও তথ্য অধিকার-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম সভায় তথ্যাদি উপস্থাপন করেন। উপস্থাপন শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

- সিদ্ধান্ত-২ : ক) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রণীত তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ (সংযুক্ত পরিশিষ্ট 'ক' অনুযায়ী) তৈরি করে প্রয়োজনীয় অংশ ওয়েবসাইটে প্রকাশ এবং বিভিন্ন বিভাগ ও দপ্তরে সংরক্ষণ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
- খ) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্বপ্রণোদিত তথ্য নির্দেশিকা ২০২১-২০২২ (জুন-২০২২) (সংযুক্ত পরিশিষ্ট 'খ' অনুযায়ী) তৈরি করে প্রয়োজনীয় অংশ ওয়েবসাইটে প্রকাশ এবং বিভিন্ন বিভাগ ও দপ্তরে সংরক্ষণ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।


(অধ্যাপক ড. মো. ইমদাদুল হক)
উপাচার্য
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।